



আ.লীগ ও শেখ হাসিনাকে চাই না, কিন্তু বঙ্গবন্ধুকে চাই: কাদের সিদ্দিকী



সংগৃহীত ছবি

কৃষক শ্রমিক জনতা লীগের সভাপতি বঙ্গবীর কাদের সিদ্দিকী মন্তব্য করেছেন যে তারা আওয়ামী লীগ ও শেখ হাসিনাকে চান না, তবে 'জয় বাংলা' স্লোগান ও বঙ্গবন্ধুকে চান। শনিবার (৬ সেপ্টেম্বর) গাজীপুরের কালিয়াকৈর পৌরসভার খান মার্কেটে অবস্থিত দলীয় কার্যালয়ে এক বর্ধিত সভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন।

বঙ্গবীর কাদের সিদ্দিকী বলেন, "মুক্তিযুদ্ধকে গালি দিলে যেমন বঙ্গবন্ধুকে গালি দেওয়া হয়, তেমনি জিয়াউর রহমানকেও গালি দেওয়া হয়।" তিনি জিয়াউর রহমানকে 'একজন শ্রেষ্ঠ মুক্তিযোদ্ধা' হিসেবে উল্লেখ করে বলেন, "তাকে নিয়ে আমার বিন্দু পরিমাণ সন্দেহ নেই। জিয়াউর রহমান আমার চেয়েও বড় মুক্তিযোদ্ধা।"

তিনি আরও বলেন, বঙ্গবন্ধু, স্বাধীনতা এবং বাংলাদেশকে মেনে যারা রাজনীতি করবেন, কৃষক শ্রমিক জনতা লীগ তাদের সঙ্গেই থাকবে।

উপজেলা কৃষক শ্রমিক জনতা লীগের সভাপতি আ. ছবুর খানের সভাপতিত্বে এবং সাধারণ সম্পাদক সানোয়ার হোসেন সজীবের সঞ্চালনায় অনুষ্ঠানে আরও বক্তব্য রাখেন গাজীপুর জেলা কৃষক শ্রমিক জনতা লীগের সভাপতি আব্দুর রহমান, উপজেলা কৃষক শ্রমিক জনতা লীগের সিনিয়র যুগ্ম সাধারণ সম্পাদক আশিক জাহাঙ্গীর, যুগ্ম সাধারণ সম্পাদক আলমগীর সিদ্দিক, সাংগঠনিক সম্পাদক তুহিন সিদ্দিকী, উপজেলা যুব আন্দোলনের সাধারণ সম্পাদক আজাদ মিয়া এবং উপজেলা ছাত্র আন্দোলনের সভাপতি সাইফুল ইসলাম সাফি।